

## প্রান্তিকদের কল্যাণে শাহনাজের আরটিআই-ভিত্তিক নতুন অভিযাত্রা....

কেশবপুর উপজেলার শাহনাজ খাতুন একজন নিবেদিত মানবাধিকারকর্মী। তিনি একজন সাবেক ইউনিয়ন পরিষদ সদস্য এবং এক বছর ধরে রিইবেবর হোপ প্রকল্পের উপজেলা সিএসও কমিটির সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করে আসছেন। সমাজের প্রান্তিক জনগোষ্ঠীর কল্যাণে শাহনাজ ধারাবাহিকভাবে কাজ করে আসছেন এবং অসহায় মানুষের সেবা নিশ্চিতকরণে সক্রিয় ভূমিকা পালন করছেন। প্রতি মাসে তিনি উপজেলা সিএসও-তে তার কর্মকাণ্ডের বিস্তারিত রিপোর্ট প্রদান করেন। ১৫-১৬ অক্টোবর ২০২৫, শাহনাজ হোপ প্রকল্পের আওতায় দুই দিনব্যাপী “তথ্য অধিকার ও গণতান্ত্রিক সংলাপ” বিষয়ক প্রশিক্ষণ সম্পন্ন করেন। প্রশিক্ষণের মাধ্যমে তিনি তথ্য অধিকার আইন, তথ্য ফরম পূরণ প্রক্রিয়া এবং তথ্য প্রাপ্তির সহজলভ্যতার কার্যকর ব্যবস্থাপনা সম্পর্কে প্রাসঙ্গিক জ্ঞান অর্জন করেন।

দীর্ঘদিন ধরে শাহনাজ আলতাপোল গ্রামের ৬৮ বছর বয়সী দুরারোগ্য রোগী হাজিরা বেগমের চিকিৎসার জন্য সহযোগিতা প্রদান করতে চেষ্টা করে আসছিলেন। প্রশিক্ষণের পর তিনি জানতে পারেন যে, সমাজসেবা অফিসের মাধ্যমে দুরারোগ্য রোগে আক্রান্ত ব্যক্তির জন্য বিশেষ সহায়তা গ্রহণের সুযোগ রয়েছে। তিনি আরটিআই ব্যবহার করে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করেন, সংশ্লিষ্ট ফরম পূরণ করে আবেদন জমা দেন এবং সেবার প্রক্রিয়া ও সুবিধাসমূহ সম্পর্কে নিশ্চিত হন। এরপর সংশ্লিষ্ট দপ্তরে রোগীর চিকিৎসা সেবা নিশ্চিতকরণের জন্য আবেদন করেন।

শাহনাজ খাতুনের এই উদ্যোগের ফলে একজন প্রান্তিক ও অসহায় ব্যক্তিকে সরাসরি উপকার করার সুযোগ হয়েছে। সমাজসেবায় তার এমন সাহসী উদ্যোগ প্রমাণ করে যে, তথ্য অধিকার আইন কার্যকরভাবে প্রয়োগের মাধ্যমে সরকারি সেবা পৌঁছে দিতে এবং সমাজের দুর্বল জনগোষ্ঠীর কল্যাণ নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখা সম্ভব।

তথ্য অধিকারের এই নতুন অভিজ্ঞতা শাহনাজের সেবামূলক কাজে নতুন মাত্রা যোগ করেছে, যা অন্যান্য সিএসও দের অনুপ্রেরনার যোগান দিয়েছে।



## প্রস্তুতকারী

খালিদ হাসান  
এলাকা সমন্বয়কারী  
রিইব- হোপ প্রকল্প  
যশোর।